

Uncategorized

২০২৭ সালের রমজান ও ঈদের সম্ভাব্য তারিখ ঘোষণা



কাজাখস্তানে ২০২৭ সালের পবিত্র রমজান মাস শুরু হবে ৮ ফেব্রুয়ারি। দেশটির মুসলিমদের আধ্যাত্মিক প্রশাসন এই তারিখ ঠিক করেছে। আগামী বছরের ধর্মীয় দিবসগুলোর পুরো পঞ্জিকা তারা অনুমোদন করেছে। রমজান মাস চলবে ঈদুল ফিতর পর্যন্ত। কাজাখস্তানে এই ঈদকে বলা হয় 'ওরাজা আইত'। ২০২৭ সালে ঈদের দিন পড়েছে ৯ মার্চ, মঙ্গলবার। মুসলিমদের কাছে বছরের সবচেয়ে পবিত্র রাত লাইলাতুল কদর। এটি পালিত হবে ৫ ও ৬ মার্চের মাঝের রাতে। ঈদুল আজহা ও অন্যান্য ধর্মীয় দিবসঈদুল আজহা শুরু হবে ১৬ মে, রোববার। কাজাখস্তানে এটি 'কুরবান আইত' নামে পরিচিত। উৎসব চলবে তিন দিন। এর আগের দিন, শনিবার, পালিত হবে আরাফার দিবস। রমজান শুরুর আগে মুসলিমরা শবে বরাত পালন করবেন। সেটি ২২ ও ২৩ জানুয়ারির মাঝের রাতে। গ্রীষ্মে মুসলিমরা নবী মুহাম্মদ (সা.)-এর জন্মদিবস, অর্থাৎ ঈদে মিলাদুন্নবী বা মাওলিদ, পালন করবেন। দিনটি ১৪ আগস্ট এবং তার পরের দিন। তারিখ বদলাতে পারে কেনকাজাখস্তানের মুসলিমদের আধ্যাত্মিক প্রশাসন ব্যাখ্যা করেছে, হিজরি মাসের শুরুর তারিখ কীভাবে ঠিক করা হয়েছে। এর জন্য আন্তর্জাতিক জ্যোতির্বিজ্ঞান গবেষণা কেন্দ্রের তথ্য ব্যবহার করা হয়েছে। প্রতিটি মাসের শুরু নির্ভর করে নতুন চাঁদ দেখার ওপর। তাই এসব তারিখ এখনো সাময়িক। এগুলো একদিন এদিক-ওদিক হতে পারে।

অপরাধ ও দুর্নীতি

মুক্তিযোদ্ধাকে দাফনে বাধা, জড়িতদের পরিণতি ভোগ করতে হবে:
জাহেদ উর রহমান



একজন মুক্তিযোদ্ধাকে দাফন করতে বাধা দেওয়ার ঘটনাকে অত্যন্ত দুঃখজনক বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান। এ ঘটনার সঙ্গে একটি রাজনৈতিক দলের জড়িত থাকার কথা উল্লেখ করে তিনি বলেছেন, এ কাজের পরিণতি সর্বশ্রমীদের ভোগ করতে হবে। মঙ্গলবার (২৭ অক্টোবর) সরকারের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। ডা. জাহেদ উর রহমান বলেন, একজন মানুষ মারা যাওয়ার পর তার মরদেহের সঙ্গে এ ধরনের আচরণ কেউ পছন্দ করেন না। যারা এমন কাজ করেন, শেষ পর্যন্ত তারা সমাজে নিন্দিত হবেন এবং এ ধরনের কাজের জন্য সমর্থন পাবেন না। তিনি আরও বলেন, আমাদের সামনে যে তথ্য সামনে এলো, সেটা খুবই আসলে দুঃখজনক যে পলিটিক্যাল পার্টি এটার সঙ্গে ইনভলভ হয়ে কাজগুলো করেছে। আমি নিশ্চিতভাবেই বলতে পারি এটার কনসিকুয়েন্স তারা ফিল করবে। অতীতের একটি ঘটনার উদাহরণ টেনে প্রধানমন্ত্রীর এই উপদেষ্টা বলেন, এর আগেও এ ধরনের ঘটনা ঘটেছে। কিছু মানুষের বিচার হওয়ার পর তাদের মরদেহের সঙ্গে এমন আচরণ করা হয়েছিল। তখন ওই বিচারগুলোর পক্ষে থাকা ব্যক্তিরাও মরদেহের সঙ্গে এমন আচরণ পছন্দ করেননি। তিন বলেন, একটা মানুষ যখন মারা যান, তখন আসলে তিনি এই অধিকার রাখেন। তিনি মারা গেছেন এবং তার বিচার পরবর্তীতে সৃষ্টিকর্তার কাছে হবে। তিনি আরও বলেন, এইখানে যারা এই কাজগুলো করেন, তারা আসলে সমাজে আলটিমেটলি নিন্দিত হবেন। সমাজে তারা তাদের প্রশংসা বা কোনোভাবেই এটার থেকে সমর্থন পাবেন না।

অপরাধ ও দুর্নীতি

শহীদ মিনারে লাথি-ভাঙচুর, অভিযুক্ত এটিআই প্রশিক্ষক



গাইবান্ধার বাংলাবাজারে অবস্থিত কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের (এটিআই) ভেতরে থাকা শহীদ মিনারের একটি পিলারের নিচের টাইলস হাউড়ি দিয়ে ভেঙে ফেলার অভিযোগ উঠেছে প্রশিক্ষক আহসান হাবিবের বিরুদ্ধে। সোমবার (২৬ অক্টোবর) সকালে এ ঘটনা ঘটে। এর আগে গত ১৮ অক্টোবর একই শহীদ মিনারে লাথি ও আবর্জনা ফেলে গালিগালাজ করেন তিনি। সেই ভিডিও ফেসবুকে ছড়িয়ে দেন আহসান হাবিব। কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধ্যক্ষ মো. মাহবুবুর রহমান জানান, অভিযুক্ত প্রশিক্ষক মোহাম্মদ আহসান হাবীব গত ১৮ অক্টোবর ফেসবুকে লাইভে এসে শহীদ মিনারের ওপরে উঠে অবমাননাকর বক্তব্য ও লাথি মারেন, যার ভিডিও প্রমাণ তার ব্যক্তিগত ফেসবুকে আইডিতে রয়েছে। এ ঘটনায় দাণ্ডারিক পরামর্শে একটি অভিযোগপত্র পাঠানোর পাশাপাশি গত ১৯ অক্টোবর গাইবান্ধা সদর থানায় সাধারণ ডায়েরি (জিডি) করা হয়।

হানিফসহ ৪ জনের রায় বৃহস্পতিবার



মানবতাবিরোধী অপরাধের একটি মামলায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফসহ চার আসামির বিষয়ে বৃহস্পতিবার (২৯ অক্টোবর) রায় ঘোষণা করবেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। মঙ্গলবার (২৭ অক্টোবর) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ রায়ের জন্য এ দিন ধার্য করেন। এর আগে ৭ অক্টোবর শুনি শেখ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ রায়ের জন্য মামলাটি অপেক্ষমাণ রেখেছিলেন। জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের এ মামলার অন্য আসামিরা হলেন কুষ্টিয়া জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান সদর উদ্দিন খান, কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আসগর আলী ও কুষ্টিয়া পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতউর রহমান। হানিফসহ মামলার চার আসামিই পলাতক। প্রসিকিউশনের তথ্য অনুযায়ী, এ চার আসামির বিরুদ্ধে জুলাই গণঅভ্যুত্থানের সময় কুষ্টিয়া শহরে ছয়জনকে হত্যাসহ মোট তিনটি অভিযোগ আনা হয়েছে। তদন্ত সংস্থার প্রতিবেদনে কুষ্টিয়ায় ছাত্র-জনতার ওপর হামলার নির্দেশদাতা ও সরাসরি অংশগ্রহণের জন্য তাদের অভিযুক্ত করা হয়। প্রসিকিউটর গাজী এমএইচ তামীম বলেন, মাহবুব উল আলম হানিফ, আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ছিলেন। আমরা কিছু এভিশনাল এভিডেন্স দিয়েছি, যেটার আজকে যুক্তিতর্ক ছিল। প্রসিকিউশনের পক্ষ থেকে এ যুক্তিতর্ক আজ শেষ করা হয়েছে। যুক্তিতর্ক শেষে আমরা হানিফসহ চার আসামির সর্বোচ্চ শাস্তি প্রার্থনা করেছি। তিনি বলেন, জুলাই গণঅভ্যুত্থানের সময় আদালত দমনে আওয়ামী লীগ পলিটিক্যাল ডিসিশন নিয়েছিল এবং সরকারও সিদ্ধান্ত নিয়েছিল এ আদালত দমন করার, তিনি সরকারের অংশ হিসেবে এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে এ সিদ্ধান্তটাকে ক্যারি আউট করেছিলেন, মেনে নিয়েছিলেন এবং সেটা তাদের অধীনস্থদের মাধ্যমে এটা বাস্তবায়ন করেছিলেন। তিনি একজন...

রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধান মিয়ানমারেই নিহিত: প্রধানমন্ত্রী



রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধান মিয়ানমারেই নিহিত বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একইসঙ্গে তিনি রোহিঙ্গাদের স্বৈচ্ছায়, নিরাপদে, মর্যাদার সঙ্গে এবং দ্রুত নিজ দেশে প্রত্যাবাসন নিশ্চিত করারও কথাও বলেছেন। মঙ্গলবার জাপানের প্রধানমন্ত্রীর কার্যালয় ‘কাস্তেই’তে দেশটির প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচির সঙ্গে দ্বিপক্ষীয় শীর্ষ বৈঠকে এ কথা বলেন তারেক রহমান। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব শাহাদাৎ স্বাধীন এ তথ্য জানান। বৈঠকে প্রধানমন্ত্রী তারেক রহমান মিয়ানমারের ক্রমাবনতিশীল পরিস্থিতি এবং এর ফলে সৃষ্ট রোহিঙ্গা বাস্তুচ্যুতি সংকট নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেন। তিনি সব ধরনের সহিংসতা বন্ধ, নির্বিঘ্নে মানবিক সহায়তা নিশ্চিত করা এবং সংকট নিরসনে সংশ্লিষ্ট সব পক্ষের মধ্যে সংলাপের আহ্বান জানান। প্রধানমন্ত্রী বাংলাদেশে আশ্রয় নেওয়া মিয়ানমারের রাখাইন রাজ্য থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের জন্য বাংলাদেশের মানবিক প্রচেষ্টায় জাপানের সহযোগিতার প্রশংসা করেন। বৈঠকে বাংলাদেশ ও জাপানের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার, বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণ, জ্বালানি নিরাপত্তা, প্রযুক্তি ও মহাকাশ গবেষণা, অবকাঠামো উন্নয়ন এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয়ে সহযোগিতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়। প্রধানমন্ত্রী বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন, প্রযুক্তিগত অগ্রগতি ও শিল্পায়নের লক্ষ্য অর্জনে জাপান সরকার এবং দেশটির বেসরকারি খাতকে আরও সক্রিয়ভাবে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান। বাংলাদেশকে অর্থনৈতিক, প্রযুক্তি ও উৎপাদনশিল্পের কেন্দ্রে পরিণত করার পরিকল্পনার কথা তুলে ধরে তিনি বলেন, ২০৩০ সালের মধ্যে বাংলাদেশ বিশ্বের নবম বৃহত্তম ভোক্তা অর্থনীতিতে পরিণত হতে পারে। ২০৩৪ সালের মধ্যে দেশের মোট দেশজ উৎপাদন (জিডিপি) এক ট্রিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়ে যাওয়ার সম্ভাবনাও রয়েছে। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের মানুষের হৃদয়ে জাপানের বিশেষ স্থান রয়েছে। ১৯৭১ সালে বাংলাদেশের...

বিনোদন

নতুন সায়েন্স ফিকশনে জেভায়া



হলিউডে এখন ব্যস্ত সময় পার করছেন জেভায়া। একের পর এক বড় বাজেটের সিনেমা, নতুন নতুন চরিত্র আর পুরস্কারের দৌড়—সব মিলিয়ে আলোচনায় এই অভিনেত্রী। এবার সেই ব্যস্ততার তালিকায় যুক্ত হলো নতুন একটি সায়েন্স ফিকশন সিনেমা। ছবিটি পরিচালনা করবেন ‘সিভিল ওয়ার’ ও ‘টোয়েন্টি এইট ইয়ারস লেটার’-এর চিত্রনাট্যকার ও নির্মাতা অ্যালেক্স গারল্যান্ড। নতুন এই সিনেমার গল্প ও চরিত্র সম্পর্কে এখনও বিস্তারিত জানা যায়নি। তবে জেভায়ার যুক্ত হওয়ার খবরে ছবিটি ঘিরে তৈরি হয়েছে আগ্রহ। জানা গেছে, নতুন সিনেমার গল্প নিজের লেখা মৌলিক চিত্রনাট্য থেকে তৈরি করছেন গারল্যান্ড। এতে জেভায়াকে গুরুত্বপূর্ণ একটি চরিত্রে দেখা যাবে। তবে ছবির নাম, কাহিনির প্রেক্ষাপট, তার চরিত্রের ধরন কিংবা অন্য অভিনয়শিল্পীদের বিষয়ে এখনও জানাননি নির্মাতা। সায়েন্স ফিকশন ঘরানায় গারল্যান্ডের নির্মাণশৈলী এবং জেভায়ার অভিনয়—দুইয়ের সমন্বয়ে নতুন কী তৈরি হয়, এখন সেটিই দেখার অপেক্ষা। এদিকে জেভায়ার আরেক আলোচিত সিনেমা ‘ডিউন: পার্ট থ্রি’ নিয়েও চলছে দারুণ আলোচনা। ডেনিস ভিলনেভ পরিচালিত এই সিনেমায় চানি চরিত্রে ফিরছেন তিনি। পল অ্যাট্টেইন্ডিসের ভূমিকায় থাকছেন টিমোথি শ্যালামে। ছবিটি ১৮ ডিসেম্বর মুক্তির পরিকল্পনা রয়েছে। এরই মধ্যে চানির চরিত্রে অভিনয়ের জন্য সেরা অভিনেত্রী বিভাগে জেভায়াকে নিয়ে অস্কার প্রচারণার সম্ভাবনা বিষয়ে প্রতিবেদন প্রকাশিত হয়েছে। তবে এটি অস্কারের আনুষ্ঠানিক মনোনয়ন কিংবা চূড়ান্ত প্রতিযোগী তালিকা নয়। সিনেমাটি মুক্তির পর তার অভিনয় পুরস্কারের আলোচনায় কতটা জায়গা করে নেয়, তা জানতে অপেক্ষা করতে হবে। চলতি বছর একাধিক উল্লেখযোগ্য প্রকল্পে কাজ করেছেন জেভায়া। ‘দ্য ড্রামা’, ‘স্পাইডার-ম্যান: ব্র্যান্ড নিউ ডে’ ও ‘দি ওডিসি’র মতো সিনেমা ঘিরে তার...